



তারিখ: ২৪-১০-২০১৬

সংবাদ বিজ্ঞপ্তি

শহীদ মিনারে হেমায়েত উদ্দিন বীর-বিক্রমের কফিনে এন.ইউ ভিসির শ্রদ্ধা নিবেদন

একাত্তরের মহান মুক্তিযুদ্ধের নবম সেক্টরের সাব-সেক্টর কমান্ডার, হেমায়েত বাহিনীর প্রধান, বীর-বিক্রম খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা হেমায়েত উদ্দিন গত ২২/১০/২০১৬ তারিখে মৃত্যুবরণ করেন। আজ সকাল ১০:০০ টায় (২৪/১০/২০১৬) ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে মরহুমের জানাজা অনুষ্ঠিত হয়। জানাজা শেষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর রশিদ মরহুমের কফিনে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান এবং তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়

